# বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
## জনপ্রশাসন মন্ত্রণালয়

# বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালা

## বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালা:

জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিবহন শাখার ১১মে ১৯৯৯ তারিখে সম(পরি)প-৫/৯৮-১৪৮(২০০) নং অফিস স্মারকে জারীকৃত অকেজো যানবাহন ও যন্ত্রপাতি বিক্রয়ের নীতিমালার অনুচ্ছেদ ৭ অনুযায়ী নিম্নরূপে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালা প্রণয়ন করা হইল:

০২। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ কমিটি নিন্মোক্তভাবে গঠন করা হইল:

| | | | |
|---|---|---|---|
| ক) | মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড | - | সভাপতি |
| খ) | সরকারি যানবাহন অধিদপ্তরের একজন উপযুক্ত কর্মকর্তা | - | সদস্য |
| গ) | গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ/যন্ত্র প্রকৌশলী) | - | ” |
| ঘ) | উপপরিচালক(প্রশাসন ও কল্যাণ)/উপপরিচালক(কর্মসূচী ও যৌথবীমা), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড | - | ” |
| ঙ) | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের একজন কম্পিউটার বিশেষজ্ঞ | - | ” |
| চ) | বাংলাদেশ রোড্‌ট্রান্সপোর্ট অথরিটি (বি.আর.টি.এ) এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | ” |
| ছ) | পরিচালক(প্রশাসন ও কল্যাণ)/পরিচালক(কর্মসূচী ও যৌথবীমা), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড | - | সদস্য সচিব |

০৩। এই কমিটি প্রয়োজনবোধে এক বা একাধিক নতুন সদস্য সহযোজন করিতে পারিবে।

০৪। কমিটি কাজের প্রকৃতির বিভিন্নতায় নিম্নরূপভাবে কাজ করিবে:

০৪.১ মোটরযান অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় ২নং অনুচ্ছেদের (খ) ও (চ) ক্রমিকে উল্লিখিত কর্মকর্তাবৃন্দ অবশ্যই উপস্হিত থাকিবেন।

০৪.২ কম্পিউটার ও কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় ২নং অনুচ্ছেদের (ঙ) ক্রমিকে উল্লিখিত কর্মকর্তা অবশ্যই উপস্হিত থাকিবেন।

০৪.৩ অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় ২ নং অনচ্ছেদের (গ) নং ক্রমিকে উল্লিখিত কর্মকর্তা অবশ্যই উপস্হিত থাকিবেন।

০৪.৪ মহাপরিচালক মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির ক্ষেত্রে কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করিবেন। পরিচালকগণ তাঁহাদের নিজ অধিক্ষেত্রের মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির ক্ষেত্রে কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করিবেন।

০৫। অকেজো ঘোষণারকরণ কমিটির সদস্যসচিব সভাপতির সহিত আলোচনাপূর্বক কমিটির সভা আহবান করিবেন এবং অকেজো ঘোষণাযোগ্য মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতির সংরক্ষিত মূল্য নির্ধারণ করিয়া কমিটির মতামত সভার কার্যবিবরণীতে সুপারিশ আকারে লিপিবদ্ধ করিয়া বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর মহাপরিচালক এর নিকট পেশ করিবেন। মোটরযানের ক্ষেত্রে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের অনুমোদনক্রমে মহাপরিচালক বিষয়টি নিষ্পত্তি করিবেন। কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতির বিষয়ে মহাপরিচালকই চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন। উভয়ক্ষেত্রে

নিষ্পত্তির বিষয়টি প্রশাসনিক মন্ত্রণালয়কে অবহিত করিতে হইবে। প্রয়োজনবোধে উক্ত কমিটি যুক্তিসঙ্গত কারণে সংরক্ষিত মূল্য পুর্ননির্ধারণের জন্য সুপারিশ করিতে পারিবে।

০৬। অকেজো ঘোষণাকরণ কমিটি প্রয়োজন মনে করিলে সকল বা কিছু সংখ্যক অকেজো ঘোষণার প্রস্তাবকৃত মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি প্রত্যক্ষ পরিদর্শন করিতে পারিবে।

০৭। এই নীতিমালার আওতায় নিম্নলিখিত যানবাহন/যন্ত্রপাতি অন্তর্ভুক্ত থাকিবে:

০৭.১ সকল প্রকার মোটরযান যেমন- কার, জীপ, পিক-আপ, মাইক্রোবাস, মিনিবাস, বাস, এম্বুলেন্স, ট্রাক, মোটরসাইকেল ইত্যাদি।

০৭.২ কম্পিউটার ও কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

০৭.৩ অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি যেমন- টাইপরাইটার মেশিন, ফটোকপিয়ার মেশিন, ডুপ্লিকেটিং মেশিন, ফ্যাক্স মেশিন, ফ্রাংকিং মেশিন, এয়ার কন্ডিশনার ইত্যাদি।

**মোটরযান, কম্পিউটার বা অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে:**

**০৮। মোটরযান:**

**০৮.১। মোটরযান অকেজো ঘোষণার জন্য অনুসৃত বিষয়াবলী:**

০৮.১.১ মেরামতের অযোগ্য বা মেরামত করিয়া ব্যবহার অলাভজনক বলিয়া বিবেচিত মোটরযান সম্পর্কে সংশ্লিষ্ট পরিচালক নির্দিষ্ট ছকে (পরিশিষ্ট ক-১) বিস্তারিত বিবরণ লিপিবদ্ধ করিয়া উহা বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) এর সংশ্লিষ্ট মোটরযান পরিদর্শকের নিকট প্রেরণপূর্বক প্রত্যক্ষ পরিদর্শন করিয়া মেরামতের অযোগ্যতার প্রতিবেদন প্রদানের জন্য অনুরোধ করিবেন। এই পত্রের প্রতিলিপি সংশ্লিষ্ট সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) ও পরিচালক (ইঞ্জিনিয়ারিং) বি,আর,টিএ ঢাকা- এর নিকট প্রেরণ করিবেন।

০৮.১.২ সংশ্লিষ্ট মোটরযান পরিদর্শক সরেজমিনে মোটরযানটি পরিদর্শনপূর্বক মোটরযানটি মেরামতের অযোগ্য হইলে বা মেরামত করিয়া ব্যবহার করা অলাভজনক বিবেচিত হইলে সেই মর্মে নির্ধারিত ছকে (পরিশিষ্ট ক-২) কারিগরি প্রতিবেদন প্রণয়ন করিয়া সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) এর প্রতিস্বাক্ষরে অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রতিবেদন প্রেরণ করিবেন। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করিতে ব্যর্থ হইলে বিলম্বের কারণ ব্যাখ্যা করিয়া পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে অবশ্যই প্রতিবেদন দাখিল করতে হইবে।

০৮.১.৩ বি.আর.টি.এ. এর প্রতিবেদন প্রাপ্তির পর ১০ দিনের মধ্যে কমিটির সভা আহবান করিয়া অকেজো ঘোষণার সুপারিশ প্রণয়ন করিয়া কমিটিকে মহাপরিচালকের নিকট প্রতিবেদন দাখিল করিতে হইবে।

**০৮.২। মোটরযান অকেজো ঘোষণার নির্ণয়ক:**

০৮.২.১ ঘন ঘন মেরামতের ফলে মেরামত করিয়া চালান অলাভজনক হইয়া পড়িয়াছে এইরূপ মোটরযান।

০৮.২.২ মডেল পরিবর্তনের দরুন বাজারে সরবরাহ বন্ধ হইয়া গিয়াছে এমন যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন আছে এইরূপ মোটরযান।

০৮.২.৩ মেরামত করিয়া নির্ভরযোগ্য ব্যবহারোপযোগী করিতে যেই সমস্ত মোটরযানের বর্তমান বাজার মূল্যের ৫০% এর বেশি ব্যয় হইবে এইরূপ মোটরযান।

০৮.২.৪ দুই এর অধিক প্রধান ইউনিটের সমস্ত যন্ত্রাংশ ক্ষয়প্রাপ্ত হইয়াছে এইরূপ মোটরযান।

০৮.২.৫ দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত মোটরযানের কাঠামো দুমড়াইয়া/মুচড়াইয়া গিয়াছে এবং এক বা একাধিক প্রধান ইউনিট বিনষ্ট হইয়াছে এইরূপ মোটরযান।

**০৮.৩। অকেজো ঘোষিত মোটরযান নিষ্পত্তি প্রক্রিয়া:**

০৮.৩.১ কোন মোটরযান চূড়ান্তভাবে অকেজো ঘোষিত হইবার পর উহা বিক্রয়ের নিমিত্ত সংশ্লিষ্ট পরিচালক ২টি বাংলা ও ১টি ইংরেজী বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় দরপত্র অহবান করিবে। দরপত্র সিডিউলে মোটরযানটির সংরক্ষিত মূল্য উল্লেখ করিতে হইবে। এই ক্ষেত্রে দরপত্রদাতা দরপত্রের সহিত আর্নেষ্টমানি হিসাবে বিধি মোতাবেক পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রদান করিবে।

০৮.৩.২ দরপত্র প্রাপ্তির পর বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের দরপত্র মূল্যায়ন কমিটি দরপত্রগুলি পরীক্ষা করিয়া ইহার সুপারিশ বোর্ডের চেয়ারম্যান এর নিকট অনুমোদনের জন্য প্রেরণ করিবে।

০৮.৩.৩ অকেজো ঘোষিত মোটরযানের সংরক্ষিত মূল্যে বিক্রয় করা সম্ভব না হইলে সংশ্লিষ্ট পরিচালক অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট বিষয়টি উথাপন করিবে এবং অকেজো ঘোষণাকরণ কমিটি এ নীতিমালার ৫নং অনুচ্ছেদ অনুযায়ী যথাযথ কার্যক্রম গ্রহণ করিবে।

**০৯। কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি:**

**০৯.১। কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার জন্য অনুসৃত বিষয়াবলী:**

০৯.১.১ ব্যবহারের অযোগ্য বা মেরামত করিয়া ব্যবহার অলাভজনক বলিয়া বিবেচিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি সম্পর্কে সংশ্লিষ্ট পরিচালক নির্ধারিত ছকে (পরিশিষ্ট-খ) বিস্তারিত বিবরণ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর নিকট প্রেরণপূর্বক প্রতিবেদন দেওয়ার জন্য অনুরোধ করিবে।

০৯.১.২ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের মনোনীত কারিগরি প্রতিনিধি সংশ্লিষ্ট কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি প্রয়োজনবোধে সরেজমিনে পরিদর্শন করিয়া অথবা প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহা মেরামত করিয়া ব্যবহার করা অলাভজনক হইলে অথবা ব্যবহারের অনুপযোগী হইলে সেইমর্মে প্রতিবেদন প্রদান করিবেন। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করিতে ব্যর্থ হইলে বিলম্বের কারণ ব্যাখ্যা করিয়া পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে অবশ্যই প্রতিবেদন দাখিল করিবে।

০৯.১.৩ প্রতিবেদন প্রাপ্তির পর ১০ দিনের মধ্যে কমিটির সভা আহবান করিয়া অকেজো ঘোষণার সুপারিশ প্রণয়ন করিয়া মহাপরিচালক এর নিকট দাখিল করিতে হইবে।

০৯.১.৪ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ইহার কাউন্সিলের অনুমোদনক্রমে মাঝে মাঝে পুরাতন প্রযুক্তিনির্ভর যে ধরনের কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি দেশে সাধারণভাবে অচল বলিয়া ঘোষণা করিবে সে ধরনের কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির ক্ষেত্রে উপরের ০৯.১.১, ০৯.১.২, ০৯.১.৩-এ বর্ণিত নিয়মাবলী মোতাবেক ব্যবস্হা গ্রহণ না করিয়া সরাসরি পরবর্তী ০৯.৩.১ থেকে ০৯.৩.৫ উপ-অনুচ্ছেদ মোতাবেক ব্যবস্হা গ্রহণ করিতে হইবে।

০৯.২। **কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার নির্ণয়ক:**

০৯.২.১ ঘন ঘন ত্রুটি দেখা যাইতেছে এমন সব কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি যাহা বার বার মেরামতের ফলে ব্যবহার আর্থিকভাবে অলাভজনক হইয়া পড়িয়াছে।

০৯.২.২ যে সকল কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির এমন যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন রহিয়াছে, মডেল পরিবর্তন অথবা প্রযুক্তির উৎকর্ষের দরুন যাহার উৎপাদন ও সরবরাহ বন্ধ হইয়া গিয়াছে এইরূপ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

০৯.২.৩ মেরামত করিয়া এক বৎসর পূর্ণ ওয়ারেন্টিসহ সম্পূর্ণ ত্রুটিহীন ও সচল করিয়া একই ক্ষমতাসম্পন্ন অনুরূপ যন্ত্রাদির বর্তমান বাজার মূল্যের ৫০% এর বেশি ব্যয় হইবে এইরূপ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

০৯.২.৪ দুর্ঘটনাজনিত কারণে ক্ষতিগ্রস্ত হইয়াছে অথবা যাহার অবয়ব/কাঠামোগত বিকৃতি ঘটিয়াছে এইরূপ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

০৯.২.৫ হার্ডওয়্যার এর গোলযোগের কারণে বার বার ত্রুটিপূর্ণ ফলাফল প্রদান করিতেছে অথচ কোনভাবেই ত্রুটি নির্ণয় করা অথবা ত্রুটিমুক্ত করা সম্ভব হইতেছে না এইরূপ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

০৯.২.৬ কম্পিউটার/কম্পিউটার সংশিষ্ট যন্ত্রপাতির আয়ুষ্কাল (ওয়ারেন্টিকাল+অতিরিক্ত ৫ বছর = ন্যূনতম ৬ বছর) অতিবাহিত হইয়াছে এবং কার্যকারিতা ভীষণভাবে কমিয়া গিয়াছে এমন কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

০৯.৩। **অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রাপাতি নিষ্পত্তি প্রক্রিয়া:**

০৯.৩.১ অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি বিধি মোতাবেক বিক্রয় করিতে হইবে।

০৯.৩.২ যদি উহা প্রদর্শনযোগ্য হয় তাহা হইলে প্রদর্শনের নিমিত্ত তাহা কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত যাদুঘর/অনুরূপ প্রতিষ্ঠানে হস্তান্তর করা যাইবে। এই ধরনের হস্তান্তর সংক্রান্ত দলিলাদি সংরক্ষণ করিতে হইবে।

০৯.৩.৩ দেশের কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত গবেষণা/শিক্ষা প্রতিষ্ঠান গবেষণা/প্রশিক্ষণ কাজে কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি হস্তান্তর করা যাইবে। এই ধরনের হস্তান্তর সংক্রান্ত দলিলাদি সংরক্ষণ করিতে হইবে।

০৯.৩.৪ অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি সংরক্ষিত মূল্যে বিক্রয় করা সম্ভব না হইলে অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট বিষয়টি উত্থাপন করিতে হইবে এবং অকেজো ঘোষণাকরণ কমিটি এই নীতিমালার ০৫ নং অনুচ্ছেদ অনুযায়ী যথাযথ কার্যক্রম গ্রহণ করিবে।

০৯.৩.৫ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের প্রতিবেদন হইতে যদি প্রতীয়মান হয় যে, অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির কোন সংরক্ষিত মূল্য নাই তবে মালিকানা দপ্তর এইরূপ অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি বিনষ্ট করিতে পারিবে।

১০। **অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি:**

মোটরযান/কম্পিউটারসহ অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি যেমন-টাইপরাইটার মেশিন, ফটোকপি মেশিন, ডুপ্লিকেটিং মেশিন, ফ্যাক্স মেশিন, এয়ার-কন্ডিশনার ইত্যাদি অকেজো ঘোষণাকরণের নিমিত্ত অভিজ্ঞ কর্মকর্তা/প্রকৌশলী নিয়া

কমপক্ষে ৩(তিন) সদস্য বিশিষ্ট একটি কারিগরি কমিটি গঠন করিতে হইবে। নির্ধারিত ছকে প্রদত্ত তথ্যাবলী বিবেচনা করিয়া এবং প্রত্যক্ষ পরিদর্শনের মাধ্যমে এই কমিটি যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ সম্পর্কে মতামত প্রদান করিবে যাহাতে বর্তমান বাজার মূল্য বিবেচনায় একটি সংরক্ষিত মূল্যও ধার্য্য থাকিবে। উক্ত কারিগরি কমিটির মতামতেরভিত্তিতে সংশ্লিষ্ট সামগ্রী অকেজো ঘোষণা করত সংশ্লিষ্ট নীতিমালা অনুসরণপূর্বক নিষ্পত্তি করিতে হইবে।

**পরিশিষ্ট ক-১**

## মোটরযান অকেজোর নিমিত্ত দপ্তর কর্তৃক সরবরাহযোগ্য তথ্য বিবরণী

০১। (ক) রেজি নং .......................... তারিখ.................. (খ) নির্মাতা ................
(গ) গাড়ির ধরন ................................................ (ঘ) প্রস্তুতকাল..........................
(ঙ) চেসিস নং........................................ মডেল...................................
(চ) ইঞ্জিন নং........................................ মডেল...................................
(ছ) ইঞ্জিন : পেট্রোল/ডিজেল................................ (জ) সিলিন্ডারের সংখ্যা ..............
(ঝ) কিলোমিটার প্রতি লিটারে...........................................................

০২। (ক) মোট কতদিন বিকল আছে......................................................
(খ) বৈকল্যের কারণসমূহ :
(১) ................................................................................
(২)................................................................................
(৩)................................................................................
(৪)................................................................................
(৫)................................................................................
(৬)................................................................................
(৭)................................................................................
(৮)................................................................................
(৯)................................................................................

০৩। (ক) মোটরযানটি যে স্হানে বর্তমানে আছে:.............................
...................................
...................................
...................................

(খ) মোটরযান নিয়ন্ত্রকারী :
নাম ও পদবী .................................
অফিস ........................................
ঠিকানা ........................................
টেলিফোন নং .................................

০৪। মোটরযান প্রাপ্তির উৎস/ক্রয়মূল্য/ক্রয়ের তারিখ ...................................................

০৫। প্রতিবারের মেজর ইউনিটসমূহের ওভারহোলিং এর তারিখ ও মেরামত কাজের খরচসহ বিস্তারিত বিবরণ:

.............................................................................................................

.......................................................................................................................

০৬। মোটরযান মোট কত কি. মি. চলিয়াছে ...............................................................

(ক) নতুন অবস্হায় কত কিঃ মিঃ চলিয়াছে ...................................................

(খ) ইঞ্জিনের প্রথম ওভারহোলিং এর পর কত কিঃ মিঃ চলিয়াছে ............................

মেরামত খরচ .................................................................... টাকা।

(গ) ইঞ্জিনের দ্বিতীয় ওভারহোলিং এর পর কত কিঃ মিঃ চলিয়াছে ..........................

মেরামত খরচ .................................................................... টাকা।

(ঘ) ইঞ্জিনের ৩য় ওভারহলিং এর পর কত কিঃ মিঃ চলিয়াছে ...............................

মেরামত খরচ ....................................................................টাকা।

(ঙ) ইঞ্জিন ব্যতীত অন্যান্য খরচ ....................................................টাকা।

(চ) ক্রয় এর তারিখ হইতে অচল হওয়া পর্যন্ত সর্বমোট মেরামত খরচ .....................

.................................................................................... টাকা।

০৭। মোটরযানটির আনুমানিক বর্তমান বাজার মূল্য .......................................................

০৮। মেরামতের জন্য প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশ সংগ্রহ করা সম্ভব কি?.................................

০৯। বর্তমানে মেরামত করিতে কত টাকা খরচ হইতে পারে.....................................টাকা।

১০। অকেজো ঘোষণা করিবার পক্ষে যুক্তি ............................................................

(প্রয়োজনে আলাদাভাবে দেওয়া যাইতে পারে)........................................................

বিবরণ প্রস্তুতকারীর স্বাক্ষর ও পদবী

সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর

পরিচালক(প্রশাসন ও কল্যাণ)/পরিচালক(কর্মসূচী ও যৌথবীমা)
(নাম ও সীল)

পরিশিষ্ট ক-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ

পরিদর্শনের তারিখ :......................

বিষয় : **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ব্যবহৃত / স্টাফবাস কর্মসূচীর মোটরযান অকেজো ঘোষণার জন্য পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদন।**

রেজিষ্ট্রেশন নং......................তৈরীর সন..................................গাড়ীর ধরন........................

মোটরযান চালকের নাম ............................................................চেসিস নং.....................

ইঞ্জিন নং- ................ ইঞ্জিন : পেট্রোল/ডিজেল, সিলিন্ডারের সংখ্যা...............................................

বিকল/চালু, প্রতি লিটারে কত কিঃ মিঃ ..........................................................................

০১। পর্যবেক্ষণ :

..............................................................................................................................

..............................................................................................................................

.................................................।

| ক্রমিক নং | ইউনিট/মূল যন্ত্রাংশ/মডেল | বর্তমান অবস্হা | আনমানিক মূল্য (টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১.১ | ইঞ্জিন এসেম্বলী | সম্পূর্ণ/অসম্পূর্ণ/অকেজো/নাই | | |
| ১.২ | সাইলেন্সার এসেম্বলী | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৩ | **কুলিং সিস্টেম :** | | | |
| | রেডিয়েটর ফ্যান ওয়াটার পাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই<br>কার্যোপযোগী/অকেজো/নাই<br>কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৪ | **ফুয়েল সিস্টেম :** | | | |
| | ফুয়েল ট্যাংক ফুয়েল পাম্প<br>কার্বোরেটর/এফ.আই.পাম্প<br>ইনজেকটার এয়ার ক্লিনার | কার্যোপযোগী/অকেজো/নাই<br>কার্যোপযোগী/অকেজো/নাই<br>কার্যোপযোগী/অকেজো/নাই<br>কার্যোপযোগী/অকেজো/নাই<br>কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৫ | **ইলেট্রিক্যাল সিস্টেম :** | | | |
| | ব্যাটারী<br>সেল্ফ স্টার্টার<br>অলটারনেটার | কার্যোপযোগী/অকেজো/নাই<br>কার্যোপযোগী/অকেজো/নাই<br>কার্যোপযোগী/অকেজো/নাই | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | কার্ট আউট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | হর্ণ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | হেড ল্যাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সাইড ল্যাম্প/পার্কিং ল্যাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | টেইল ও স্টপ ল্যাম্প ইন্ডিকেটর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ইলেক্ট্রিক্যাল ওয়্যারিং | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৬ | **ইগনিশান সিস্টেম:** | | | |
| | ইগনিশান সুইচ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ইগনিশান কয়েল ডিস্ট্রিবিউটর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | স্পার্ক প্লাগ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | এইচ, টি তার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৭ | ক্লাচ সিস্টেম: | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৮ | **স্টিয়ারিং সিস্টেম:** | | | |
| | স্টিয়ারিং কলাম | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | স্টিয়ারিং হুইল | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | বল জয়েন্ট/কিং পিন টাইরড | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | এন্ড | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৯ | **ট্রান্সমিশন সিস্টেম:** | | | |
| | গিয়ার বক্স | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | গিয়ার লিভার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সাহায্যকারী গিয়ার বক্স | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | প্রপেলার শ্যাফট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ডিফারেনশিয়াল | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সামনের এক্সেল শ্যাফট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | পিছনের এক্সেল শ্যাফট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | চেইন এবং স্প্রোকেট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.১০ | **সাসপেনশন সিস্টেম:** | | | |
| | ইন্ডিপেনডেন্ট সাসপেনশন | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সাসপেনশন স্প্রীং এসেম্বলী | কার্যোপযোগী/অকেজো/নাই | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | শক এবজরভার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.১১ | চেসিস ফ্রেম | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.১২ | ব্রেক সিস্টেম | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | হ্যান্ড ব্রেক | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.১৩ | <u>বিবিধঃ</u> | | | |
| | হুইল রিম | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | টায়ার টিউব | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ড্যাশ বোর্ড | সম্পূর্ণ/অসম্পূর্ণ | | |
| | বাম্পার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | বডি/ছাদ/ফ্লোর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | | | | |

| ক্রমিক নং | ইউনিট/মূল যন্ত্রাংশ/মডেল | বর্তমান অবস্হা | আনুমানিক মূল্য (টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | মাডগার্ড | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | দরজা | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | উইণ্ডশিল্ড গ্লাস | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সিট সমূহ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | পশ্চাৎ দর্শন আয়না | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | রং | সঠিক আছে/নাই/নষ্ট | | |
| | | <u>মোট আনুমানিক মূল্য :</u> | | |

২। মোটরযানটির সংরক্ষিত মূল্য : ..........................................................

৩। মেরামত করিতে খরচের পরিমাণ : ..........................................................

৪। মেরামত পরবর্তী আনুমানিক মূল্য : ..........................................................

৫। পরিদর্শকের মতামত : ..........................................................

পরিদর্শকের স্বাক্ষর ও সীল।

সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) বিআরটিএ
(স্বাক্ষর ও অফিস সীল)।

পরিশিষ্ট-খ

# অচল/অকেজো ঘোষণাযোগ্য কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির তথ্য বিবরণী

## অংশ-'ক'

## (মালিকানা দপ্তর পূরণ করিবে)

প্রয়োজনবোধ আলাদা সীট ব্যবহার করা যাইবে।

দপ্তর ...................... মন্ত্রণালয়/বিভাগ ............................ প্রতিবেদনের তারিখঃ ..........

| তথ্য শিরোনাম | কম্পিউটার | আনুষঙ্গিক যন্ত্রপাতি |
|---|---|---|
| আইটেম নং | | |
| ব্রান্ড/মডেল | | |
| সংক্ষিপ্ত স্পেসিফিকেশন | | |
| ক্রয়/সংগ্রহের বৎসর | | |
| সরবরাহকারী প্রতিষ্ঠান | | |
| ওয়ারেন্টিকাল | | |
| ক্রয়মূল্য | | |
| রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ধারাবাহিক বিবরণ (সর্বশেষ ৫ বৎসর) | ক.<br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. | ক.<br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. |
| রক্ষণাবেক্ষণ ব্যয় (সর্বশেষ ৫ বৎসর) | ক.<br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. | ক.<br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. |
| বিকল হওয়ার তারিখ | | |
| বৈকল্যের কারণ/লক্ষণ | | |
| অকেজো ঘোষণাকরণের পক্ষে যুক্তি | | |
| মন্তব্য | | |

বিবরণী প্রস্তুতকারীর স্বাক্ষর
তারিখ :

পরিচালক (প্রশাসন ও কল্যাণ)/পরিচালক (কর্মসূচি ও যৌথবীমা)
(নাম ও সীল)

## অংশ-'খ'
## (বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের ব্যবহারের জন্য)

বিসিসি'র একজন উপযুক্ত কারিগরি প্রতিনিধি (কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি প্রয়োজনবোধে সরেজমিনে পরিদর্শন করিয়া) নীচের অংশ পূরণ করিয়া স্বাক্ষর করিবেন:

১। সাধারণ পর্যবেক্ষণ :

২। অকেজো ঘোষণা সংক্রান্ত সুপারিশ :

৩। সংরক্ষিত মূল্য :

৪। মন্তব্য :

| কারিগরি প্রতিনিধির স্বাক্ষর | ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর |
|---|---|
| নাম: | নাম: |
| পদবী : | পদবী: |
| তারিখ: | তারিখ: |

## দপ্তরের নাম ও ঠিকানা

**অচল/অকেজো ঘোষণাযোগ্য টাইপরাইটার, ডুপ্লিকেটিং মেশিন, ফটোকপিয়ার, ফ্রাংকিং মেশিন, এয়ার কন্ডিশনার ইত্যাদি যন্ত্রাদির তথ্য বিবরণী:**

প্রতিবেদনের তারিখঃ ..............................

১। মেশিনের নাম :

২। (ক) মেশিনের নম্বর :

(খ) মডেল নম্বর :

৩। (ক) সংগ্রহের উৎস :

(খ) সংগ্রহের/ক্রয়ের তারিখ :

৪। মেশিনটি কত বৎসর ব্যবহৃত হইয়াছে? :

৫। রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ধারাবাহিক বিবরণ

(রক্ষণাবেক্ষণের ব্যয় উল্লেখ করিতে হইবে) :

৬। (ক) বিকল হওয়ার তারিখ :

(খ) বিকল হওয়ার কারণ :

৭। অকেজো ঘোষণা করিবার পক্ষে যুক্তি :

প্রতিবেদন প্রস্তুতকারী কর্মকর্তার
স্বাক্ষর ও সীল

৮। প্রত্যক্ষ পরিদর্শনের পর কারিগরি কমিটির মন্তব্য :
(বর্তমান বাজার মূল্য বিবেচনায় সংরক্ষিত মূল্য ধার্য্য করিতে হইবে)।

| | | |
|---|---|---|
| সদস্য<br>কারিগরি কমিটি | সদস্য<br>কারিগরি কমিটি | সভাপতি/আহবায়ক<br>কারিগরি কমিটি |

৯। সংশ্লিষ্ট পরিচালকের মতামত :

পরিচালক(প্রশাসন ও কল্যাণ)/পরিচালক(কর্মসূচী ও যৌথবীমা)
স্বাক্ষর ও সীলমোহর।